



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
রাণী ভবানী সরকারি মহিলা কলেজ, নাটোর
স্থাপিত : ১৯৭৩

☎ : ০২৫৮৮৮৭১৩৫২, মোবাইল : ০১৩০৯-১২৪২৩৭, EINN- 124237, মাউপি কোড নং -০১৪৫
E-mail: rbmohillagovtcollege@gmail.com, Web: www.rbgwc.edu.bd

বিজ্ঞপ্তি- ২৯/২০২৬

তারিখ : ১৩/০৪/২০২৬


এতদ্বারা অত্র কলেজের ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষের একাদশ শ্রেণিতে ভর্তিকৃত (বিজ্ঞান, ব্যবসায় শিক্ষা ও মানবিক শাখা) শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের ৩১/০৩/২০২৬ খ্রি. তারিখের স্মারক নং- এইচএসপি/সামাজিক নিরাপত্তা কর্মসূচি সংক্রান্ত/২১৩/২০২৪/৪৬ মোতাবেক সমন্বিত উপবৃত্তি কর্মসূচির আওতায় দরিদ্র ছাত্রীদের উপবৃত্তি প্রদানের লক্ষ্যে শিক্ষার্থীদের আবেদনপত্র যাচাই-বাছাই এর জন্য নিম্নবর্ণিত তারিখে শিক্ষার্থীদের সাক্ষাৎকার (ভাইভা) গ্রহণ করা হবে। বর্ণিত তারিখে শিক্ষার্থীরা তাদের আবেদন ফরমে উল্লিখিত অভিভাবকসহ নিম্নোক্ত কাগজপত্রসহ উপস্থিত হওয়ার জন্য বলা হলো।

ক্রমিক	রোল	বিভাগ	তারিখ	স্থান ও সময়
০১	২০২৫০০১ থেকে ২০২৫১০০ ২০২৫৪০১ থেকে ২০২৫৪১৬ ২০২৫৬০১ থেকে ২০২৫৬৭৯	মানবিক ব্যবসায় শিক্ষা বিজ্ঞান	১৯/০৪/২০২৬	প্রাণিবিদ্যা বিভাগ, একাডেমিক ভবন, নিচতলা সকাল ১০.০০ টা থেকে দুপুর ১.০০ টা পর্যন্ত
০২	২০২৫১০১ থেকে ২০২৫২৫০	মানবিক	২০/০৪/২০২৬	
০৩	২০২৫২৫১ থেকে ২০২৫৪০০	মানবিক	২১/০৪/২০২৬	

বি.দ্র. নিধারিত তারিখে উপস্থিত হতে ব্যর্থ হলে পরবর্তীতে উপবৃত্তি সংক্রান্ত কোনো সমস্যা হলে কলেজ কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

নিম্নোক্ত প্রয়োজনীয় কাগজপত্র ও তথ্যাদি সঙ্গে নিয়ে আসতে হবে :

- ২। শিক্ষার্থীর জন্ম সনদ এর ফটোকপি (অবশ্যই ১৭ সংখ্যার ডিজিটাল জন্মসনদ);
- ৩। শিক্ষার্থীর পিতা, মাতা ও অভিভাবকের জাতীয় পরিচয়পত্রের ফটোকপি (১০ অথবা ১৭ সংখ্যার);
- ৪। পিতা/মাতার অনুপস্থিতিতে অভিভাবকের জাতীয় পরিচয়পত্রের ফটোকপি (১০ অথবা ১৭ সংখ্যার);
- ৫। শিক্ষার্থীর এসএসসি পরীক্ষার প্রবেশপত্র, রেজিস্ট্রেশন কার্ড ও মূল মার্কসিটের ফটোকপি;
- ৬। শিক্ষার্থীর অভিভাবকের (পিতা/মাতা/অন্যান্য) জাতীয় পরিচয়পত্র (NID) ব্যবহার করে খোলা সচল/বেধ মোবাইল ব্যাংকিং-এর "নগদ" একাউন্ট নম্বর। [বি.দ্র. যে ব্যক্তির জাতীয় পরিচয়পত্র (NID) ব্যবহার করে সিম উঠানো সেই ব্যক্তির এনআইডি দিয়েই মোবাইল ব্যাংকিং "নগদ" একাউন্ট খুলতে হবে। কোন মতেই এক জনের জাতীয় পরিচয়পত্র (NID) দিয়ে সিম উঠানো আর অন্য জনের জাতীয় পরিচয়পত্র (NID) দিয়ে "নগদ" একাউন্ট খোলা যাবে না। প্রয়োজনে "নগদ" কাস্টমার কেয়ার/প্রধান ডাকঘর হতে "নগদ" একাউন্ট ভেরিফাইড করতে হবে।];
- ৭। একই "নগদ" একাউন্ট নম্বর/মোবাইল নম্বর একাধিক শিক্ষার্থীর ক্ষেত্রে ব্যবহার করা যাবে না;
- ৮। পিতাকে অভিভাবক নির্বাচিত করলে পিতার জাতীয় পরিচয়পত্র (NID) ব্যবহার করে "নগদ" একাউন্ট খুলতে হবে এবং হিসাবধারীর নাম হিসাবে পিতার নাম প্রদান করতে হবে। অভিভাবক হিসাবে মাতাকে নির্বাচিত করলে মাতার জাতীয় পরিচয়পত্র (NID) ব্যবহার করে "নগদ" একাউন্ট খুলতে হবে এবং হিসাবধারীর নাম হিসাবে মাতার নাম প্রদান করতে হবে। পিতা/মাতার অনুপস্থিতিতে অন্য কোন ব্যক্তিকে অভিভাবক নির্বাচিত করলে তার জাতীয় পরিচয়পত্র (NID) ব্যবহার করে "নগদ" একাউন্ট খুলতে হবে এবং হিসাবধারীর নাম হিসাবে তার নাম প্রদান করতে হবে।


অধ্যক্ষ

রাণী ভবানী সরকারি মহিলা কলেজ, নাটোর

অনুলিপি বিতরণ :

১. উপাধ্যক্ষ, রাভসমক, নাটোর;
২. সম্পাদক, শিক্ষক পরিষদ, রাভসমক, নাটোর;
৩. আফসায়ক, উচ্চ মাধ্যমিক ভর্তি কমিটি ২০২৫-২৬ শিক্ষাবর্ষ, রাভসমক, নাটোর;
৪. ছাত্রী নোটিশ বোর্ড, রাভসমক, নাটোর;
৫. অফিস নথি, রাভসমক, নাটোর।